# অ্যাটর্নি জেনারেলের দায়িত্বে ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল



অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল। ছবি: সংগৃহীত

দেশের ১৮তম অ্যাটর্নি জেনারেল হিসেবে নিয়োগ পেয়েছেন সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল। বুধবার (২৫ মার্চ) বিষয়টি নিশ্চিত করেছে আইন মন্ত্রণালয়।

পেশাগত জীবনে তিনি বাংলাদেশ সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি-এর নির্বাচিত সাধারণ সম্পাদক ছিলেন। পাশাপাশি বাংলাদেশ বার কাউন্সিল-এর নির্বাহী কমিটির চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

এর আগে, গত ২৭ ডিসেম্বর ব্যক্তিগত কারণ দেখিয়ে রাষ্ট্রপতির কাছে পদত্যাগপত্র জমা দেন সাবেক অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান। পরে অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল আরশাদুর রউফ-কে ভারপ্রাপ্ত দায়িত্ব দেওয়া হয়। পরবর্তীতে সংসদ সদস্য নির্বাচিত হয়ে আইনমন্ত্রীর দায়িত্ব নেন আসাদুজ্জামান।

১২ ফেব্রুয়ারির নির্বাচনের পর বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) সরকার গঠনের এক মাসের মাথায় অ্যাটর্নি জেনারেল পদে এই নতুন নিয়োগ দেওয়া হলো। রুহুল কুদ্দুস কাজল বিএনপির রাজনীতির সঙ্গেও সম্পৃক্ত।

LENS ASIA